BKMEA
Bangladesh Knitwear Manufacturers & Exporters Association

বিকেএমইএ ঃ ৭০০/ছুটি/২০২৫/৪০১১
০২ আগষ্ট, ২০২৫ইং

# সম্মানিত সকল সদস্যদের জন্য

বিষয় ঃ সরকার কর্তৃক ঘোষিত ০৫ আগষ্ট "জুলাই গণঅভ্যুত্থান দিবস" উপলক্ষে সাধারণ ছুটির বিষয়টি অবহিতকরণ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

আপনার অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক প্রকাশিত প্রজ্ঞাপন যাহার স্মারক নং: ০৪.০০.০০০০.০০০.৪১৬.২৩.০০০১.২০.৪০৭, তারিখ ০২ জুলাই ২০২৫ইং এর আলোকে সরকার ০৫ই আগষ্ট "জুলাই গণঅভ্যুত্থান দিবস" (সাধারন ছুটিসহ) হিসেবে ঘোষনা করেছে।

পোশাক শিল্প কারখানাসমূহ বাংলাদেশ শ্রম আইন ২০০৬ এর ধারা ১১৮ এবং বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫ এর বিধি ১১০ মোতাবেক বছরের শুরুতেই উৎসব ছুটি নির্ধারন করে থাকে। সরকার কর্তৃক বছরের মাঝামাঝি সময়ে ০৫ই আগষ্ট "জুলাই গনঅভ্যুত্থান দিবস" সাধারন ছুটি ঘোষনা করায় শিল্প মালিকদের মাঝে একটি দ্বিধার সৃষ্টি হয়েছে।

যদিও শ্রম আইন অনুযায়ী শিল্প কারখানার ক্ষেত্রে এই ছুটি প্রদানে কোন বাধ্যবাধকতা নেই। কিন্তু জুলাই গনঅভ্যুত্থানের শহীদদের প্রতি শ্রদ্ধা রেখে এবং সরকারের সিদ্ধান্তের সাথে সংহতি প্রকাশ করে বিকেএমইএ'র পক্ষ থেকে ০৫ই আগষ্ট "জুলাই গনঅভ্যুত্থান দিবস" উপলক্ষে সকল পোশাক শিল্প-কারখানাসমূহ সাধারণ ছুটি হিসাবে বন্ধ রাখার জন্য বিশেষভাবে অনুরোধ জানাচ্ছি।

একইসাথে শ্রম আইন ও শ্রম বিধিমালার আলোকে পরবর্তী বছরের উৎসব ছুটি নির্ধারন করার জন্য অনুরোধ জানাচ্ছি।

ধন্যবাদান্তে

মোঃ মাহাবুবুর রহমান
সচিব (ভারপ্রাপ্ত)

**Head Office : BKMEA Bhaban, Chasara, Narayanganj-1400, Bangladesh.**
**Phone : +880 2 224437646, E-mail : info@bkmea.com**
**Dhaka Office :** Planners Tower (4th Floor), 13/A, Sonargaon Road, Banglamotor, Dhaka-1000, Bangladesh.
**Phone :** +880 2 223362257, E-mail : info@bkmea.com
**Chattogram Office :** S. Alam Center (3rd Floor) 58, Agrabad C/A, Chottogram, Bangladesh.
**Phone :** +88 02 333324342, +88 02 333324345, +02 333324726, E-mail : bkmeactg@bbts.net
**Log on :** www.bkmea.com